

পাইলট অসুস্থ, ঢাকায় বিমানের জরুরি অবতরণ

- A Monitor Desk Report

Date: 16 March, 2024



ঢাকা: মাঝ আকাশে অসুস্থ হয়ে পড়েন বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইটের পাইলট। অসুস্থ পাইলটকে নিয়ে কলকাতার আকাশ থেকে ফ্লাইটটি ঢাকায় জরুরি অবতরণ করে।

শুক্রবার (১৫ মার্চ) বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ফ্লাইটে এ ঘটনা ঘটে। ফ্লাইটটি ঢাকা থেকে কাতারের (বিজি-৩২৫) উদ্দেশে রওনা হয়েছিল।

অসুস্থ হওয়া বিমানের পাইলটের নাম ক্যাপ্টেন মাকসুদ।

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের দায়িত্বশীল সূত্র জানায়, ফ্লাইটটি ঢাকা থেকে বিকেল সাড়ে ৫টায় কাতারের উদ্দেশে রওনা হয়। কলকাতার আকাশে পাইলট অসুস্থ হলে ফ্লাইটটি ঢাকায় ফিরে আসতে শুরু করে। পরে রাত ৮টার দিকে ফ্লাইটটি ঢাকায় জরুরি অবতরণ করে।

অবতরণের পর ক্যাপ্টেন মাকসুদকে সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) ভর্তি করা হয়। পরে পাইলট পরিবর্তন করে ফ্লাইটটি রাত সাড়ে ১০টায় আবারও কাতারের দোহার উদ্দেশে ঢাকা ছাড়ে।

বিমানবন্দর সূত্র জানায়, বিমানের বিজি-৩২৫ ফ্লাইটটি বোয়িং-৭৭৭ মডেলের উডোজাহাজ দিয়ে পরিচালিত হচ্ছিল। এতে ৪১৯ জন যাত্রী ছিলেন।

-B